

"সত্য-মিথ্যা যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে"

-এই প্রতিপাদ্য নিয়ে উপজেলা প্রশাসন ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

অধিদপ্তর, ঝিনাইগাতী, শেরপুর এর আয়োজনে উদযাপিত হয়ে গেল ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯। দিনব্যাপী এই আয়োজনে সকাল ১১ ঘটিকায় র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার জনাব রুবেল মাহমুদ স্যার, প্রধান অতিথি উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয়। আলোচনা সভায় উপজেলা একাডেমিক সুপারভাইজার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ, শিক্ষক, বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীরা অংশগ্রহন করেন। আলোচনা সভা শেষে চিত্রাঙ্কন ও আইসিটি বিষয়ক কুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার প্রদান করা হয়। অনুষ্ঠান সঞ্চালনা করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইগাতী এর সহকারী প্রোগ্রামার।